যুব উন্নয়ন অধিদপ্তর

Jubo purosker nitimala-2021 letter-2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

ডকেট নং ৮০০
তাং ২৪/৭/২৬
ডিডি -১
ডিডি-২
সহঃ পরিঃ-১
সহঃ পরিঃ-২

# জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত)-২০২৩

১.০ শিরোনাম: এ নীতিমালা জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত)-২০২৩ নামে অভিহিত হবে।

২.০ জাতীয় যুব পুরস্কার প্রদানের পটভূমি:

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তর সৃষ্টিলগ্ন হতে বেকার যুবদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে দক্ষ মানব সম্পদে উন্নীত করার লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রশিক্ষিত যুবরা স্বল্প পুঁজি নিয়ে সংশ্লিষ্ট ট্রেডে প্রকল্প গ্রহণ করে তাঁদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে নিজেদের নিয়োজিত করছেন। প্রকল্প গ্রহণের মাধ্যমে একদিকে নিজেরা যেমন স্বাবলম্বী হচ্ছেন তেমনি অন্যদিকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বেকারত্ব নিরসন করাসহ জাতীয় প্রবৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখছেন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করছেন। যুবসংগঠকগণ যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে সম্পৃক্ত থেকে যুবকর্মের মাধ্যমে জনহিতকর ও সেবামূলক কর্মকাণ্ডে অবদান রেখে যুবসমাজ ও যুবসংগঠনের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করে আসছেন। এ অবস্থা পর্যবেক্ষণ করে সরকার সারাদেশের সফল আত্মকর্মী এবং যুবসংগঠকদের মধ্য হতে শ্রেষ্ঠ কয়েকজনকে নীতিমালার আলোকে নির্বাচন করে প্রতিবছর জাতীয় যুবদিবসে পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করে।

৩.০ জাতীয় যুব পুরস্কার প্রদানের উদ্দেশ্য:

৩.১ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় দেশব্যাপী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত শ্রেষ্ঠ সফল আত্মকর্মী যুবদের পুরস্কার প্রদানের মাধ্যমে জাতীয় পর্যায়ে স্বীকৃতি প্রদান করা।

৩.২ প্রশিক্ষিত যুবদের আত্মকর্মী হতে উদ্বুদ্ধ করা।

৩.৩ যুব আত্মকর্মীদের সামাজিক মর্যাদা বৃদ্ধি করা।

৩.৪ স্বেচ্ছাসেবার ভিত্তিতে যুব সংগঠনের মাধ্যমে সার্বিক যুব কার্যক্রম ও সমাজসেবামূলক উন্নয়ন কর্মকাণ্ডে বিশেষ অবদানের স্বীকৃতি প্রদান।

৩.৫ দেশের দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখার জন্য যুব গোষ্ঠীর মাঝে আগ্রহ-উদ্দীপনা ও প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি করা।

৩.৬ বেকারত্ব নিরসন, যুবদের মাঝে আত্মসচেতনতা বৃদ্ধি এবং দেশের উন্নয়ন স্রোতধারায় যুবদের সম্পৃক্তকরণে অনুপ্রাণিত করা।

৪.০ সংজ্ঞা:

৪.১ যুব: জাতীয় যুবনীতি ২০১৭ অনুযায়ী বাংলাদেশের ১৮-৩৫ বছর বয়সী (যুবক ও যুবনারী) নাগরিককে বুঝাবে।

৪.২ প্রশিক্ষণ: যুব উন্নয়ন অধিদপ্তর এবং শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক দক্ষতাবৃদ্ধিমূলক সকল প্রশিক্ষণকে বুঝাবে।

৪.৩ আত্মকর্মী: জাতীয় যুবনীতি ২০১৭ অনুযায়ী যে কোনো যুবক বা যুবনারী যিনি ১৮-৩৫ বছর বয়সের মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ও শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট থেকে যেকোনো ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে স্ব-অর্থায়নে অথবা কোনো আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী হয়েছেন। জাতীয় যুব পুরস্কারের জন্য আত্মকর্মীর বয়স ৫০ বছর পর্যন্ত বিবেচনা করা হবে।

৪.৪ যুবসংগঠক: যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত/স্বীকৃতি প্রদানকৃত যুব সংগঠনের সক্রিয় সদস্য হিসেবে যিনি সার্বিক যুব কার্যক্রমসহ বিভিন্ন সমাজসেবামূলক কর্মকাণ্ডে যুবসমাজকে উদ্বুদ্ধ করতে উল্লেখযোগ্য ও অনুকরণীয় ভূমিকা পালন করেছেন এরূপ ২৫ থেকে ৫০ বছর বয়সী ব্যক্তিকে বুঝাবে।

৪.৫ পুরস্কার: বাংলাদেশ সরকার কর্তৃক জাতীয় যুবদিবসের জন্য অনুমোদিত জাতীয় যুব পুরস্কার (চেক/প্রাইজবন্ড, ক্রেস্ট ও সনদপত্র) কে বুঝাবে।

৫.০ পুরস্কারের অর্থের উৎস: সরকারি মঞ্জুরি (বাংলাদেশ সরকারের তহবিল) অথবা অন্য কোনো উৎস থেকে প্রাপ্ত অর্থ।

৬.০ পুরস্কারের ধরণ ও প্রকৃতি:

৬.১ জাতীয় পর্যায়ে ১ম পুরস্কার ১.৫ লক্ষ টাকা; ২য় পুরস্কার ১.২৫ লক্ষ টাকা; ৩য় পুরস্কার ১ লক্ষ টাকা; বিভাগীয় পর্যায়ে পুরস্কার ৭৫ হাজার টাকা। কোনো ক্যাটাগরিতে প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতাসম্পন্ন প্রার্থী না পাওয়া গেলে সে ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হবে না।

৬.২ চেক/প্রাইজবন্ড, ক্রেস্ট ও সনদপত্র।

ডা: মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৭.০ পুরস্কারের সংখ্যা: ২০ টি

৭.১ সফল আত্মকর্মী পুরস্কার: জাতীয় পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর জন্য- ০৩ টি, তন্মধ্যে কমপক্ষে ০১ (এক) জন হবেন নারী, প্রতি বিভাগ হতে- ০১ (এক) টি করে ০৮ টি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ০১ (এক) টি, ট্রান্স জেন্ডার ০১ (এক) টি, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক ০১ (এক) টি; সর্বমোট ১৪ টি পুরস্কার।

৭.২ যুব সংগঠক পুরস্কার: যুব সংগঠকদের মধ্যে থেকে জাতীয় পর্যায়ে- ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীর জন্য ৩টি, তন্মধ্যে কমপক্ষে ০১ (এক) জন হবেন নারী, ট্রান্স জেন্ডার ০১ (এক) টি, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক ০১টি; ক্ষুদ্র নৃ-গোষ্ঠী-০১ টি সর্বমোট ০৬ (ছয়) টি পুরস্কার।

৮.০ জাতীয় পুরস্কার কমিটি:

| | | |
|---|---|---|
| (০১) | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সভাপতি |
| (০২) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| (০৩) | সচিব, কৃষি মন্ত্রণালয় (প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| (০৪) | সচিব, তথ্য মন্ত্রণালয় ( প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| (০৫) | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় (প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| (০৬) | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| (০৭) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| (০৮) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় (প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| (০৯) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (প্রতিনিধি যুগ্মসচিবের নীচে নয়) | সদস্য |
| (১০) | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| (১১) | মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | সদস্য |
| (১২) | সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ | সদস্য |
| (১৩) | মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | সদস্য |
| (১৪) | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর | সদস্য |
| (১৫) | সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | সদস্য |
| (১৬) | সভাপতি, জাতীয় যুব কাউন্সিল | সদস্য |
| (১৭) | যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

(ক) জাতীয় যুব পুরস্কার প্রদানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের কেন্দ্রীয় মনোনয়ন কমিটির মাধ্যমে প্রাপ্ত প্রস্তাবের তথ্য ও উপাত্ত পর্যালোচনাপূর্বক চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা।

(খ) কেন্দ্রীয় মনোনয়ন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত যেকোনো আবেদন জাতীয় কমিটি সম্পূর্ণরূপে পুনর্মূল্যায়ন করার ক্ষমতা সংরক্ষণ করবে।

৯.০ কেন্দ্রীয় মনোনয়ন কমিটি:

| | | |
|---|---|---|
| (০১) | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সভাপতি |
| (০২) | মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর একজন প্রতিনিধি | সদস্য |
| (০৩) | উপসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| (০৪) | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (০৫) | তথ্য অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (০৬) | প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (০৭) | মৎস্য অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (০৮) | সমাজসেবা অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (০৯) | মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (১০) | সমবায় অধিদপ্তরের পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (১১) | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |

ডা: মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| (১২) | পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| (১৩) | মহাপরিচালক কর্তৃক মনোনীত জাতীয় যুব কাউন্সিলের প্রতিনিধি ০২ (দুই) জন (একজন পুরুষ ও একজন মহিলা) | সদস্য |
| (১৪) | পরিচালক (বাস্তবায়ন,মনিটরিং ও যুবসংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি :

(ক) জেলা হতে প্রাপ্ত আবেদন ও অন্যান্য তথ্যাদি নীতিমালার আলোকে যাচাই-বাছাইপূর্বক সংযুক্ত ছক (পরিশিষ্ট-গ ও ঘ) অনুযায়ী মূল্যায়ন করে প্রতিবেদন প্রস্তুত করবে।

(খ) প্রয়োজনে কমিটির সদস্য কর্তৃক আবেদনকৃত প্রার্থীদের প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন করা।

(গ) জেলা থেকে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করে জাতীয় পুরস্কার কমিটির নিকট যুব পুরস্কারের প্রার্থী নির্বাচনের জন্য সুপারিশ করা।

(ঘ) কেন্দ্রীয় মনোনয়ন কমিটি জাতীয় যুব পুরস্কারের জন্য জাতীয় যুব দিবসের ন্যূনতম ৩০দিন পূর্বে জাতীয় কমিটির নিকট পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করবে।

(ঙ) যাচাই বাছাই কাজে সহায়তা করার জন্য মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর একটি উপকমিটি গঠন করতে পারবেন।

(চ) সফল আত্মকর্মী/যুব সংগঠককে পুরস্কার প্রদানের ক্ষেত্রে কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সভাপতি-মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর তাদের গৃহীত প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন। এতদুদ্দেশ্যে মহাপরিচালক একাধিক কর্মকর্তাকে নিয়ে পরিদর্শন কমিটি গঠন করবেন। কমিটি প্রকল্প পরিদর্শন করে চূড়ান্ত মতামত দিবে।

(ছ) সফল আত্মকর্মীর ক্ষেত্রে মোট মূল্যায়ন নম্বরের ৭০% এর নিম্নে এবং সফল যুব সংগঠকের ক্ষেত্রে ৬০% এর নিম্নে নম্বর প্রাপ্ত হলে তাকে জাতীয় যুব পুরস্কারের জন্য বিবেচনা করা যাবে না।

(জ) কমিটির বিবেচনায় এতদসংক্রান্ত অন্য কোনো সুপারিশ (যদি থাকে)

১০.০ জেলা মনোনয়ন কমিটি:

| | | |
|---|---|---|
| (০১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (০২) | উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (০৩) | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| (০৪) | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| (০৫) | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| (০৬) | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| (০৭) | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| (০৮) | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| (০৯) | জেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| (১০) | জেলা ক্রীড়া অফিসার | সদস্য |
| (১১) | জেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| (১২) | কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র | সদস্য |
| (১৩) | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট জেলার জাতীয় যুব কাউন্সিলের প্রতিনিধি ০১ (এক) জন | সদস্য |
| (১৪) | জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত/সফল আত্মকর্মী/যুব সংগঠক ০১ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১৫) | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য-সচিব |

ডা: মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কমিটির কর্মপরিধি:

(ক) আবেদনকৃত প্রার্থীর প্রকল্প সরেজমিন পরিদর্শন করা এবং প্রস্তাবের সাথে প্রতিবেদন প্রেরণসহ প্রয়োজনীয় সিডি/ তথ্যচিত্র সরবরাহ।
(খ) প্রার্থীর গৃহীত প্রকল্পের বিগত ০৩ (তিন) বছরের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা।
(গ) জেলা পর্যায় হতে সফল আত্মকর্মী নির্বাচনের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুসারে যাচাই-বাছাইপূর্বক পুরুষদের ক্ষেত্রে ০১ (এক) জন, নারীদের ক্ষেত্রে ০১ (এক) জন, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক ক্ষেত্রে (যদি পাওয়া যায়) ০১ (এক) জন, ট্রান্স জেন্ডার ক্ষেত্রে (যদি পাওয়া যায়) ০১ (এক) জন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ক্ষেত্রে (যদি পাওয়া যায়) ০১ (এক) জন সফল আত্মকর্মী প্রার্থীর প্রস্তাব নির্ধারিত সময়ের মধ্যে কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সভাপতি বরাবর যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ।
(ঘ) জেলা পর্যায় হতে শ্রেষ্ঠ যুবসংগঠক নির্বাচনের জন্য পুরুষদের ক্ষেত্রে ০১ (জন) জন, নারীদের ক্ষেত্রে ০১ (এক) জন, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক কোটায় (যদি পাওয়া যায়) ০১ (এক) জন, ট্রান্স জেন্ডার (যদি পাওয়া যায়) ০১ (এক) জন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ক্ষেত্রে (যদি পাওয়া যায়) ০১ (এক) জন উপযুক্ত প্রার্থীর প্রস্তাব নীতিমালা অনুসারে যাচাই বাছাইপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে কেন্দ্রীয় মনোনয়ন কমিটির সভাপতি বরাবর যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ।
(ঙ) জেলা কমিটি কর্তৃক প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণের সময়সীমা ৩০ দিন।

১১.০ যুব পুরস্কার প্রদানে সফল আত্মকর্মী নির্বাচনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়:

১১.১ (ক) জাতীয় যুব পুরস্কারের আবেদন:

জাতীয় যুব পুরস্কারের জন্য নির্দিষ্ট সময়ের মধ্যে সফল আত্মকর্মীকে নির্ধারিত ফরমে (পরিশিষ্ট- ক) আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট ও ০৩ (তিন) কপি স্ট্যাম্প সাইজ ছবি দাখিল করতে হবে।
(খ) প্রকল্প গ্রহণকারীর অতীত ও বর্তমান:

প্রার্থীর পারিবারিক অবস্থা, শিক্ষাজীবন, বেকার জীবন, প্রশিক্ষণের বিষয় ও প্রশিক্ষণকাল ইত্যাদি বিস্তারিত পর্যালোচনা করে কিভাবে বেকার জীবন থেকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে সে বিষয় বিবেচনা করতে হবে। নিজের একক প্রচেষ্টায় সফল আত্মকর্মীকে প্রাধান্য দিতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে প্রমাণক দাখিল করতে হবে।

১১.২ আত্মকর্মীর বয়স:
(ক) জাতীয় যুব পুরস্কার পাওয়ার জন্য সফল আত্মকর্মীর বয়সসীমা সর্বোচ্চ ৫০ বছর পর্যন্ত বিবেচনা করা যাবে।
(খ) এসএসসি/সমমানের পরীক্ষার সনদপত্র/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী আবেদনকারীর বয়স বিবেচনা করা হবে।
১১.৩ প্রকল্পের/কার্যক্রমের ধরণ: যুব উন্নয়ন অধিদপ্তর এবং শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট থেকে সকল ট্রেডে প্রশিক্ষণ গ্রহণকারীর গৃহীত প্রকল্প বিবেচনাযোগ্য হবে।

১১.৪ প্রকল্পের মেয়াদ:
প্রশিক্ষণের পর আত্মকর্মীর গৃহীত প্রকল্পের মেয়াদ কমপক্ষে ০৩ (তিন) বছর হতে হবে।
১১.৫ প্রকল্পের প্রাথমিক ও বর্তমান মূলধন:
(ক) গৃহীত প্রকল্পের প্রাথমিক মূলধনের পরিমাণ ও এর উৎস এবং বর্তমান মূলধনের বিস্তারিত বিবরণ আইটেম ভিত্তিক তথ্যসহ উল্লেখ করতে হবে। আবেদনকারীর প্রকল্পের বর্তমান মূলধন (চলতি বছরের ৩০ জুন পর্যন্ত) ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকা হতে হবে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, ট্রান্স জেন্ডার, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক প্রার্থীর ক্ষেত্রে বর্তমান মূলধন (Working Capital) ন্যূনতম ২ লক্ষ ৫০ হাজার টাকা হতে হবে। কোনো স্থায়ী সম্পত্তির মূল্য বর্তমান মূলধনের অন্তর্ভুক্ত হবে না।
(খ) আবেদনকারী যুব উন্নয়ন অধিদপ্তর ও অন্যান্য সরকারি/ বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করে থাকলে কিস্তি নিয়মিতভাবে পরিশোধের প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।
(গ) কোন ঋণ খেলাপি জাতীয় যুব পুরস্কারের জন্য আবেদনের যোগ্য হবেন না।

ডা: মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১.৬ বার্ষিক নিট আয় (চলতি বছরের ৩০ জুন পর্যন্ত):

(ক) প্রকল্প গ্রহণের তারিখ হতে প্রার্থীর গৃহীত প্রকল্পের আয়-ব্যয়ের বিবরণীর ধারাবাহিক রেকর্ড থাকতে হবে। মোট আয় থেকে মোট ব্যয় বাদ দিয়ে বার্ষিক নিট আয়ের পরিমাণ নির্ধারণ করতে হবে। নিট আয় নির্ণয়ের ক্ষেত্রে আয়-ব্যয়ের আইটেম ভিত্তিক বিবরণ অবশ্যই উল্লেখ করতে হবে। প্রকল্পের বিগত ০৩ (তিন) বছরের আয়-ব্যয়ের হিসাব প্রমাণকসহ (ক্যাশবুক, লেজার ও আনুষাঙ্গিক কাগজপত্রসহ) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। সর্বশেষ অর্থবছরে (চলতি বছরের ৩০ জুন পর্যন্ত) নিট আয় অন্যূন ৩ (তিন) লক্ষ টাকা হতে হবে। তবে বিশেষ চাহিদাসম্পন্ন/অটিস্টিক, ট্রান্স জেন্ডার ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ক্ষেত্রে বার্ষিক নিট আয় কমপক্ষে ১ লক্ষ ৫০ হাজার টাকা হতে হবে।
(খ) আয়-ব্যয়ের সমর্থনে বিগত ৩ (তিন) বছরের ব্যাংক স্টেটমেন্ট দাখিল করতে হবে।

১১.৭ (ক) প্রকল্পে নিয়োজিত স্থায়ী জনবল:

প্রকল্পে আত্মকর্মীর পরিবারের কতজন সদস্য কর্মরত আছেন এবং কতজন মজুরি ভিত্তিক কর্মরত আছেন তা বিবেচনা করতে হবে। পারিবারিক ও মজুরি ভিত্তিক জনবলের পৃথকভাবে বিবরণ দিতে হবে। পারিবারিক জনবলের ক্ষেত্রে আত্মকর্মীর সাথে সম্পর্ক এবং মজুরি ভিত্তিক জনবলের বিস্তারিত বিবরণ (নাম ও ঠিকানা, মোবাইল নম্বর, প্রকল্পে যোগদানের তারিখ, মাসিক বেতন) উল্লেখ করতে হবে। খন্ডকালীন নিয়োজিত জনবল বিবেচনা করা যাবে না।
(খ) আত্মকর্মী/উদ্যোক্তা সৃষ্টিতে অবদান:
প্রার্থীর অনুপ্রেরণায় কতজন আত্মকর্মী/উদ্যোক্তা হয়েছেন তার সুনির্দিষ্ট বিবরণ (নাম ও ঠিকানা, প্রকল্প বা ব্যবসার অবস্থান, মোবাইল নম্বর, প্রকল্পের মাসিক/বাৎসরিক আয়) উল্লেখ করতে হবে।

১১.৮ সমাজ ও জাতি গঠনমূলক কর্মকাণ্ডে প্রকল্প/কার্যক্রম গ্রহণকারীর অবদানের ক্ষেত্রসমূহ:

১. যুব নেতৃত্ব বিকাশে ভূমিকা ২. জীবন দক্ষতামূলক কার্যক্রম ৩. নিরক্ষরতা দূরীকরণ ৪. প্রযুক্তি উন্নয়ন ৫. প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার ৬. পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপণ ৭. জঙ্গি ও সন্ত্রাসবাদ প্রতিরোধে সচেতনতা সৃষ্টি ৮. স্থানীয় সরকারের সাথে আইন-শৃংখলা উন্নয়ন কর্মকাণ্ড ৯. ধূমপান ও মাদকবিরোধী অভিযান ১০. সন্ত্রাস ও অন্যান্য সমাজবিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ কার্যক্রমে অংশগ্রহণ ১১. মা ও শিশুস্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, এসটিডি/এইডস, স্যানিটেশন ১২. বায়োগ্যাস প্রকল্প, সৌরচুল্লি/সৌর বিদ্যুৎ স্থাপন ১৩. পরিষ্কার পরিচ্ছন্নতা ১৪. প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রার্থীর ভূমিকা ১৫. এসিড নিক্ষেপ ২৩. বাল্যবিবাহ, বহুবিবাহ ও যৌতুকবিরোধী আন্দোলনে প্রার্থীর ভূমিকা ১৬. ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ বিভিন্ন সমাজ উন্নয়নমূলক কর্মকাণ্ডের এক বা একাধিক ক্ষেত্রে সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সনদপত্র বিবেচনায় আনা হবে ১৭. কারিগরী প্রশিক্ষণ ১৮. কর্মসংস্থানের নতুন ক্ষেত্র উদ্ভাবন ১৯. জনসংখ্যা নিয়ন্ত্রণ ২০. স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম।

১১.৯ জাতীয় যুব পুরস্কারের ক্ষেত্রে কেউ একবার পুরস্কারপ্রাপ্ত হলে তিনি দ্বিতীয়বার পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না।

১১.১০ জেলায় প্রাপ্ত আবেদনকারীদের মধ্যে সার্বিক বিবেচনায় সফল আত্মকর্মীর আবেদন বিবেচনা করা হবে।

১১.১১ আবেদনপত্রের সাথে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাসহ ৩ সদস্য বিশিষ্ট কমিটি (উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সহকারি যুব উন্নয়ন কর্মকর্তা) কর্তৃক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন দাখিল করবে। আবেদনকারীদের প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে প্রার্থী নির্বাচন করতে হবে।

১১.১২ (ক) আবেদনকারী কোনো কোটায় আবেদন করলে কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে।

(খ) জাতীয় যুব পুরস্কারের জন্য কোনো কোটায় প্রার্থী মনোনয়নের সুপারিশ করা হলে জেলা মনোনয়ন কমিটির সভার কার্যবিবরণীতে কোটা উল্লেখ পূর্বক প্রস্তাবের সাথে কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।

১১.১৩ আবেদনকারির সাফল্যের সংক্ষিপ্ত বিবরণ (অনধিক ২৫০ শব্দের মধ্যে) উল্লেখ করতে হবে।

১২.০ যুব পুরস্কার প্রদানে যুব সংগঠক নির্বাচনের বিবেচ্য বিষয়:

১২.১ (ক) জাতীয় যুব পুরস্কাররের জন্য আবেদন:
জাতীয় যুব পুরস্কাররের জন্য নির্দিষ্ট সময়ের মধ্যে যুব সংগঠককে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-খ) আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে ৪ (চার) কপি পাসপোর্ট ও ৩ (তিন) কপি স্ট্যাম্প সাইজের ছবি দাখিল করতে হবে।
(খ) যুব সংগঠকের বয়স:
জাতীয় যুব পুরস্কাররের জন্য যুব সংগঠকের বয়স ২৫ থেকে ৫০ বছরের মধ্যে হতে হবে। আবেদনকারীর এসএসসি/সমমানের পরীক্ষার সনদপত্র/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী বয়স বিবেচনা করা হবে।

১২.২ আবেদনকারী যুব সংগঠকের যুব সংগঠন পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তবে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক, ট্রান্স জেন্ডার কোটায় আবেদনকারীগণের ক্ষেত্রে যুব সংগঠন পরিচালনায় কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

ডা: মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২.৩ যুব উন্নয়ন অধিদপ্তরের কাজের সঙ্গে সম্পৃক্ততা থাকতে হবে। এছাড়া অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে কাজের সম্পৃক্ততা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

১২.৪ আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত বিবরণ (২৫০ শব্দের মধ্যে বর্ণনা দিতে হবে)।

১২.৫ যুব সংগঠক হিসেবে দেশে কর্মসংস্থান সৃষ্টি আর্থ-সামাজিক উন্নয়নে কী কী অবদান রেখেছেন তার তথ্য ও প্রমাণভিত্তিক বিবরণ:

১. যুবদের সংগঠিত করে জাতীয় উন্নয়ন এবং সমাজসেবায় দৃশ্যমান অবদান ২. জীবন দক্ষতামূলক উন্নয়ন কার্যক্রম পরিচালনা ৩. কারিগরী প্রশিক্ষণ ৪. কর্মসংস্থানে নতুন ক্ষেত্র উদ্ভাবন ৫. পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপণ ৬. জঙ্গি ও সন্ত্রাসবাদ প্রতিরোধে সচেতনতা সৃষ্টি ৭. জনসংখ্যা নিয়ন্ত্রণে সংক্রিয় অংশগ্রহণ ৮. স্থানীয় সরকারের সাথে আইন-শৃংখলা উন্নয়ন কর্মকাড ৯. ধূমপান ও মাদকবিরোধী অভিযান, সন্ত্রাস ও অন্যান্য সমাজবিরোধী কর্মকাড প্রতিরোধ কার্যক্রমে অংশগ্রহণ ১০. মা ও শিশুস্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, এসটিডি/এইডস সংক্রামক রোগ নিরেসনে সচেতনতা সৃষ্টি ১১. স্যানিটেশন বিষয়ে সচেতনতা সৃষ্টি ১২. প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় অংশগ্রহণ ১৩. বাল্যবিবাহ, বহুবিবাহ ও যৌতুকবিরোধী আন্দোলনে প্রার্থীর ভূমিকা ১৪. ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাড ১৫. সংগঠনের কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যার তথ্য (নূন্যতম-৫০০ জন) ১৬. যুব সংগঠনের কার্যক্রম দ্বারা উপকৃত সুফলভোগীদের তথ্য (নূন্যতম-২০০ জন) ১৭. সরকার বা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সম্মাননা/স্বীকৃতি ১৮. নিরক্ষরতা দূরীকরণ কার্যক্রমে অংশগ্রহণ ১৯. স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমে অংশগ্রহণ।

১২.৬ দেশীয় সম্পদের সদ্ব্যবহার, নিজস্ব শ্রম ও মেধার প্রয়োগে নেতৃত্ব বিকাশকে অগ্রাধিকার দেয়া।

১২.৭ জাতীয় যুব পুরস্কারের ক্ষেত্রে কেউ একবার পুরস্কার প্রাপ্ত হলে দ্বিতীয়বার তিনি পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না।

১২.৮ জাতীয় যুব পুরস্কারের জন্য কোনো কোটায় প্রার্থী মনোনয়নের সুপারিশ করা হলে জেলা মনোনয়ন কমিটির সভার কার্যবিবরণীতে কোটা উল্লেখ পূর্বক প্রস্তাবের সাথে কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।

১২.৯ জাতীয় পর্যায়ে যুব উন্নয়ন বিষয়ক ভূমিকা থাকতে হবে।

১২.১১ সংগঠনটির হালনাগাদ অডিট রিপোর্ট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১২.১২ জাতীয়/অন্য কোন পুরস্কার প্রাপ্ত হলে উপযুক্ত প্রমাণক সংযোজন করতে হবে।

১২.১৩ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক, ট্রান্স জেন্ডার কোটায় আবেদন করলে আবেদনকারীকে সংশ্লিষ্ট কোটার ব্যক্তি হতে হবে এবং তার সংগঠন সংশ্লিষ্ট বিষয়ে কাজ করার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নসহ প্রমাণক সংযুক্ত করতে হবে।

১৩.০ পুরস্কার প্রদানের লক্ষ্যে আবেদনপত্র আহবান ও প্রধান কার্যালয়ে প্রেরণ পদ্ধতি:

১৩.১ জাতীয় যুব পুরস্কার প্রদানের লক্ষ্যে প্রতিবছর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ে নির্ধারিত ফরমে প্রশিক্ষিত সফল আত্মকর্মী ও যুব সংগঠকদের জন্য দরখাস্ত আহবান করা হবে এবং এজন্য কমপক্ষে দুইটি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩.২ আবেদনের ফরম বিনামূল্যে জেলা/উপজেলা কার্যালয় অথবা যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইট www.dyd.gov.bd থেকে সংগ্রহ করা যাবে।

১৩.৩ সফল আত্মকর্মী যুব ও যুব সংগঠক এর আবেদন ফরম যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ নির্দিষ্ট সময়ের মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ে জমা দিতে হবে।

১৩.৪ জেলা কার্যালয়ে প্রাপ্ত আবেদনপত্রের প্রাথমিক তালিকা তৈরী করে তা যাচাই-বাছাই করার জন্য জেলা মনোনয়ন কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

১৩.৫ জেলা মনোনয়ন কমিটি জাতীয় যুব পুরস্কার প্রদানের জন্য প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে নীতিমালার সংশ্লিষ্ট অনুচ্ছেদের শর্তাবলী অনুসরণ করবে।

১৩.৬ নির্বাচিত প্রার্থীদের ব্যাপারে জেলা মনোনয়ন কমিটির সুপারিশ সম্বলিত সভার কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।

১৩.৭ প্রাপ্ত আবেদনপত্র জেলা কমিটির সভায় উপস্থাপনের পূর্বে জেলা মনোনয়ন কমিটির সভাপতি সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তরসহ ৩ সদস্য বিশিষ্ট উপকমিটি গঠন করবেন। কমিটি সরেজমিনে পরিদর্শন করে তুলনামূলক প্রতিবেদন উপস্থাপন করবেন।

১৪.০ **নীতিমালা পর্যালোচনা/সংশোধন:** জাতীয় যুব পুরস্কার নীতিমালা ০৩ (তিন) বছর পর পর পর্যালোচনা করা হবে।

বিঃ দ্রঃ ফরম সমূহ

| | |
|---|---|
| ক) সফল আত্মকর্মীর আবেদন ফরম | পরিশিষ্ট-ক |
| খ) যুব সংগঠকের আবেদন ফরম | পরিশিষ্ট-খ |
| গ) সফল আত্মকর্মীর মূল্যায়ন ফরম | পরিশিষ্ট-গ |
| ঘ) যুব সংগঠকের মূল্যায়ন ফরম | পরিশিষ্ট-ঘ |

ডা: মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিশিষ্ট-ক

জাতীয় যুব পুরস্কারের আবেদন ফরম (সফল আত্মকর্মী)
(বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক, ট্রান্স জেন্ডার, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী
কোটায় আবেদনকারী কোটা উল্লেখ করুন)

| |
|---|
| ১। আবেদনকারীর নাম (বাংলায়)<br>ইংরেজিতে (বড় অক্ষরে) |
| ২। পিতার নাম (বাংলায়)<br>ইংরেজিতে (বড় অক্ষরে)<br>স্বামীর নাম (বাংলায়)<br>ইংরেজিতে (বড় অক্ষরে) |
| ৩। মাতার নাম (বাংলায়)<br>ইংরেজিতে (বড় অক্ষরে) |
| ৪। জাতীয় পরিচয়পত্র নম্বর |
| ৫। বর্তমান ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা, মোবাইল, টেলিফোন, ইমেইল) |
| ৬। স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, উপজেলা/থানা, জেলা) |
| ৭। জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র/ এসএসসি/ সমমানের পরীক্ষার সনদ অনুযায়ী) |
| ৮। বর্তমান বয়স (চলতি বছরের ৩০ জুন পর্যন্ত) |
| ৯। শিক্ষাগত যোগ্যতার বিবরণ (আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে): |
| ১০। যুব উন্নয়ন অধিদপ্তর/শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট হতে প্রাপ্ত প্রশিক্ষণের তথ্য (সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)<br>ক) প্রশিক্ষণের বিষয়<br>খ) প্রশিক্ষণ কেন্দ্রের নাম<br>গ) প্রশিক্ষণ গ্রহণের মেয়াদ (তারিখ সহ) |
| ১১। ক) প্রকল্পের/কার্যক্রমের নাম ও ঠিকানা<br>খ) প্রকল্পের ধরণ<br>গ) প্রকল্প শুরুর তারিখ (যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণের পর হতে প্রকল্প শুরুর তারিখ প্রযোজ্য হবে) |
| ১২। প্রকল্পের/কার্যক্রমের বর্তমান মেয়াদ (প্রকল্পের শুরু থেকে চলতি বছরের ৩০ জুন পর্যন্ত) |
| ১৩। ক) প্রকল্পের প্রাথমিক মূলধন ও মূলধনের উৎস<br>খ) বর্তমান মূলধন (নিজস্ব তহবিল, ঋণ গ্রহণ করে থাকলে উৎস ও পরিমাণ, পরিশোধের পরিমাণ (কিস্তি পরিশোধের প্রমাণকসহ) বিস্তারিত বিবরণ আইটেম ভিত্তিক তথ্যসহ উল্লেখ করতে হবে। সর্বশেষ ৩ বছরের (চলতি বছরের ৩০ জুন পর্যন্ত) তথ্যভিত্তিক আয়-ব্যয়ের বিবরণী, ক্যাশ বহি ও লেজার বুক অনুযায়ী ব্যাংক স্টেটমেন্ট দাখিল করতে হবে)।<br>গ) গৃহীত প্রকল্পের বার্ষিক নিট আয় (প্রকল্পের সর্বশেষ ০৩ (তিন) বছরের আয় ব্যয়ের আইটেম ভিত্তিক হিসাব বিবরণী প্রমাণকসহ দাখিল করতে হবে)। |
| ১৪। প্রকল্পে কর্মরত মোট স্থায়ী জনবল:<br>১) পারিবরিক জনবলের বিবরণ (আত্মকর্মীর সাথে সম্পর্ক উল্লেখ করতে হবে)<br>২) মজুরিভিত্তিক জনবলের বিবরণ (নাম ও ঠিকানা, মোবাইল নম্বর, প্রকল্পে যোগদানের তারিখ ও মাসিক বেতন): |
| ১৫। প্রকল্পের বর্তমান সম্পদের পরিমাণ (জমি/পুকুরের পরিমাণ, যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি স্থায়ী ও অস্থায়ী সম্পদের তথ্যভিত্তিক বিবরণ উল্লেখ থাকতে হবে (প্রাথমিক ও বর্তমান মূলধন ব্যতীত অন্যান্য সম্পদের পরিমাণ উল্লেখ করতে হবে)। |
| ১৬। আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত বিবরণ (সফল আত্মকর্মীর সাফল্য কাহিনী নিম্নলিখিত বিষয়ের উপর অনধিক ২৫০ শব্দের মধ্যে উল্লেখ করতে হবে)।<br>ক) নাম, পরিচয় ও পারিবারিক অবস্থা।<br>খ) শিক্ষা জীবন কীভাবে ও কখন শেষ হয়েছে?<br>গ) বেকার জীবনের অনুভূতি কী?<br>ঘ) যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণের খোঁজ খবর কীভাবে পেয়েছেন?<br>ঙ) প্রশিক্ষণ ও আত্মকর্মে নিয়োজিত হয়েছেন কীভাবে?<br>চ) বর্তমান অবস্থা।<br>ছ) সার্বিক মূল্যায়ন ও অভিব্যক্তি। |
| ১৭। যুব উন্নয়ন বিষয়ক অন্যান্য কর্মসূচিতে তার অবদান:<br>(যদি থাকে/অবদান থাকলে তার স্বপক্ষে সরকার বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠানের উপযুক্ত প্রমাণকসহ)। |
| ১৮। জাতীয় পর্যায়ে সরকার স্বীকৃত শ্রেষ্ঠ পুরস্কার প্রাপ্তির (যদি থাকে) বিবরণ (পুরস্কারের নাম ও সাল পুরস্কার প্রদানকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ইমেইল, মোবাইল/ টেলিফোন, ওয়েবসাইটসহ)। |
| ১৯। (ক) উল্লেখযোগ্য সামাজিক কর্মকাণ্ডের বিবরণ।<br>(খ) আবেদনকারীর মাধ্যমে যারা আত্মকর্মী/উদ্যোক্তা হিসেবে গড়ে উঠেছেন তাদের তালিকা (নাম ও ঠিকানা, প্রকল্প বা ব্যবসার অবস্থান, মোবাইল নম্বর, প্রকল্পের মাসিক/বাৎসরিক আয়) |
| ২০। বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক, ট্রান্স জেন্ডার, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদন করলে তা উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নযুক্ত প্রমাণক সংযুক্ত করতে হবে। |

ডা: মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

পরিশিষ্ট-খ

জাতীয় যুব পুরস্কারের আবেদন ফরম (যুব সংগঠক)
(ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক, ট্রান্স জেন্ডার
কোটায় আবেদনকারী কোটা উল্লেখ করুন)

| |
|---|
| ১। যুব সংগঠকের নাম (বাংলায়)<br>ইংরেজিতে (বড় অক্ষরে) |
| ২। পিতার নাম (বাংলায়)<br>ইংরেজিতে (বড় অক্ষরে)<br>স্বামীর নাম (বাংলায়)<br>ইংরেজিতে (বড় অক্ষরে) |
| ৩। মাতার নাম (বাংলায়)<br>ইংরেজিতে (বড় অক্ষরে) |
| ৪। জাতীয় পরিচয়পত্র নম্বর |
| ৫। বর্তমান ঠিকানা:<br>(গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা, টেলিফোন, মোবাইল, ইমেইল ও ওয়েবসাইট) |
| ৬। স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ডাকঘর, থানা/উপজেলা, জেলা) |
| ৭। জন্ম তারিখ (এসএসসি/সমমানের পরীক্ষার সনদ/ জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) |
| ৮। বর্তমান বয়স (চলতি বছরের ৩০ জুন পর্যন্ত) |
| ৯। শিক্ষাগত যোগ্যতার বিবরণ (আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে): |
| ১০। পেশা |
| ১১। (ক) যুব সংগঠনের নাম, ঠিকানা, প্রতিষ্ঠার তারিখ, টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ইমেইল, ওয়েবসাইট<br>(খ) যুব সংগঠনে আবেদনকারীর বর্তমান পদবী<br>(গ) যুব সংগঠনের বর্তমান মেয়াদকাল (চলতি বছরের ৩০ জুন পর্যন্ত) |
| ১২। যুব সংগঠনে প্রথম সম্পৃক্ত হওয়ার তারিখ, সংগঠনের নাম এবং সংগঠনে তার পদবী |
| ১৩। একাধিক যুব সংগঠনে সম্পৃক্ত থাকলে যুব সংগঠনের নাম, ঠিকানা ও সংগঠনে তার পদবী |
| ১৪। নিবন্ধন সংক্রান্ত তথ্য<br>(ক) যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন নম্বর/স্বীকৃতি নম্বর ও তারিখ<br>(খ) অন্যান্য নিবন্ধনকারী সংস্থার নাম, নিবন্ধন নম্বর ও তারিখ |
| ১৫। বিগত ৫ (পাঁচ) অর্থ বছরের সার্বিক যুব উন্নয়ন কর্মকাণ্ডে অবদানের বিবরণ (উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) |
| ১৬। আত্মকর্মসংস্থান/কর্মসংস্থান সৃষ্টিতে অবদান<br>(ক) প্রশিক্ষণার্থীদের তালিকা (নাম, ঠিকানা, প্রশিক্ষণের বিষয় ও মোবাইল নম্বর)<br>(খ) উপকরণ/আর্থিক সহায়তা প্রদানের তালিকা (নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও আর্থিক মূল্যমান) |
| ১৭। স্বেচ্ছাসেবাসহ উল্লেখযোগ্য সামাজিক কার্যক্রমের বিবরণ (প্রতিষ্ঠানের সুস্পষ্ট তথ্যসহ উপযুক্ত প্রমাণক সংযুক্ত করতে হবে) |
| ১৮। সামাজিক কর্মকাণ্ডে অবদানের জন্য সরকার কর্তৃক স্বীকৃত জেলা/বিভাগীয়/জাতীয় পর্যায়ে আবেদনকারী সংগঠক হিসেবে কোনো পুরস্কার পেয়ে থাকলে তার বিবরণ (পুরস্কার প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থার নাম, ঠিকানা, ইমেইল, ফোন নং/মোবাইল নং, ওয়েবসাইট ইত্যাদিসহ) |
| ১৯। আবেদনের সাথে হালনাগাদ অডিট রিপোর্ট সংযুক্ত করা হয়েছে কিনা? |
| ২০। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক, ট্রান্স জেন্ডার কোটায় আবেদন করলে তা উল্লেখ করতে হবে- আবেদনকারীকে সংশ্লিষ্ট কোটার ব্যক্তি হতে হবে এবং তার সংগঠন সংশ্লিষ্ট বিষয়ে কাজ করার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নসহ প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ২১। অন্যান্য তথ্য (যদি থাকে)<br>(প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত কাগজে বিস্তারিত তথ্য/আলোকচিত্র/সনদপত্র/পত্রিকার কাটিং ইত্যাদি প্রদান করা যাবে।) |
| ২২। আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত বিবরণ (সফল যুব সংগঠকের সাফল্য কাহিনী নিম্নলিখিত বিষয়ের উপর অনধিক ২৫০ শব্দের মধ্যে প্রমাণকসহ উল্লেখ করতে হবে)।<br>ক) সংগঠনের সাথে প্রথম সম্পৃক্ত হওয়ার তারিখ।<br>খ) সংগঠনে বর্তমানে কী পদে আছেন।<br>গ) সংগঠনটি কী বিষয়ে কাজ করছে।<br>ঘ) সংগঠনের কার্যক্রমের মাধ্যমে এলাকায় কী ধরনের ইতিবাচক প্রভাব পড়েছে?<br>ঙ) সংগঠনটি সামাজিক কী কী কার্যক্রমে সম্পৃক্ত?<br>চ) যুব কার্যক্রমে সংগঠনের অবদান<br>ছ) জাতীয় এবং আন্তর্জাতিক বিভিন্ন সভা, সেমিনার, ট্রেনিং ওয়ার্কশপে অংশগ্রহণ, প্রবন্ধ উপস্থাপন, সার্টিফিকেট গ্রহণ।<br>জ) যুব ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত যুব কল্যাণ তহবিল বা অন্য কোন মন্ত্রণালয় হতে কার্যক্রমের স্বীকৃতিস্বরূপ অনুদান/ক্রেস্ট পেয়ে থাকলে এর পূর্ণ বিবরণ।<br>ঝ) "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড" পেয়ে থাকলে উহার তথ্য (প্রমাণকসহ)।<br>ঞ) স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় পর্যায়ে খেলাধূলা বির্তক, সাহিত্য ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে থাকলে তাঁর তথ্য (প্রমাণকসহ)। |

ডা: মোঃ জহিরুল ইসলাম

## পরিশিষ্ট-গ

## জাতীয় যুব পুরস্কার (সফল আত্মকর্মী) নম্বর বন্টন পদ্ধতি

মোট নম্বর-৫০

জাতীয় কমিটি- ১০

কেন্দ্রীয় মনোনয়ন কমিটি- ৪০

০১। প্রকল্প মেয়াদ:

প্রকল্পের মেয়াদ প্রথম ৩ বছরের জন্য ৪ নম্বর এবং অতিরিক্ত প্রতি বছরের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৭ নম্বর।

০২। বর্তমান মূলধন (চলতি বছরের ৩০শে জুন পর্যন্ত):

(ক) প্রকল্পে উৎপাদনে নিয়োজিত মূলধন প্রথম ৫ লক্ষ টাকার জন্য ৩ নম্বর এবং পরবর্তীতে প্রতি ২ লক্ষ টাকার জন্য ১ নম্বর, এভাবে সর্বোচ্চ ১০ নম্বর প্রাপ্ত হবেন। বর্তমান মূলধন ২৫ লক্ষ টাকা হলে অতিরিক্ত ১ নম্বর, ৫০ লক্ষ টাকা হলে অতিরিক্ত ২ নম্বর এবং ১ কোটি তার অধিক হলে অতিরিক্ত ৩ নম্বর প্রাপ্য হবেন। বর্তমান মূলধনে সর্বোচ্চ ১৩ নম্বর।

(খ) বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক, ট্রান্স জেন্ডার ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে প্রকল্পে উৎপাদনে নিয়োজিত মূলধন প্রথম ২ লক্ষ ৫০ হাজার টাকার জন্য ৩ নম্বর এবং পরবর্তীতে প্রতি ১ লক্ষ টাকার জন্য ১ নম্বর, এভাবে সর্বোচ্চ ১০ নম্বর প্রাপ্ত হবেন। বর্তমান মূলধন ১২ লক্ষ ৫০ হাজার টাকা হলে অতিরিক্ত ১ নম্বর, ২৫ লক্ষ টাকা হলে অতিরিক্ত ২ নম্বর এবং ৫০ লক্ষ বা এর অধিক হলে অতিরিক্ত ৩ নম্বর প্রাপ্য হবেন। বর্তমান মূলধনে সর্বোচ্চ ১৩ নম্বর।

০৩। নিট আয় (চলতি বছরের ৩০ শে জুন পর্যন্ত):

(ক) বাৎসরিক ৩ লক্ষ টাকার জন্য ৫ নম্বর এবং অতিরিক্ত প্রতি ৫০ হাজার টাকার জন্য ১ নম্বর সর্বোচ্চ ১০ নম্বর।

(খ) বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক, ট্রান্স জেন্ডার ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য বাৎসরিক ১ লক্ষ ৫০ টাকার জন্য ৫ নম্বর এবং অতিরিক্ত প্রতি ২৫ হাজার টাকার জন্য ১ নম্বর সর্বোচ্চ ১০ নম্বর।

০৪। জনবল (প্রকল্পে স্থায়ীভাবে কর্মরত):

প্রথম ২ জনের জন্য ১ নম্বর এবং পরবর্তী প্রতি ১ জনের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৩ নম্বর।

০৫। সামাজিক কর্মকাণ্ডে ইতিবাচক অবদান (সুস্পষ্ট তথ্য ও প্রমাণাদিসহ) এক্ষেত্রে প্রতি ৫টি কর্মকাণ্ডে অবদানের জন্য ১ নম্বর (প্রমাণকসহ) সর্বোচ্চ ৪ নম্বর।

০৬। আত্মকর্মী/উদ্যোক্তা সৃষ্টিতে অবদান:

প্রথম ৩ জনের জন্য ১ নম্বর, পরবর্তী প্রতি ১ জনের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৩ নম্বর (দাবিকৃত কার্যক্রম ও তথ্যের অনুকূলে উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে)।

### সফল আত্মকর্মী মূল্যায়ণ ছক

| প্রশিক্ষণ গ্রহণের তারিখ | প্রকল্প শুরুর তারিখ | প্রকল্পের মেয়াদ | প্রকল্প মেয়াদের ওপর প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ৭) | প্রকল্পের প্রারম্ভিক মূলধন | প্রকল্পের বর্তমান মূলধন | বর্তমান মূলধনের ওপর প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ১৩) | প্রকল্পের বার্ষিক নিট আয় | বার্ষিক নিট আয়ের ওপর প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ১০) | প্রকল্পে নিয়োজিত জনবলের সংখ্যা | জনবলের জন্য প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ৩) | সামাজিক কর্মকাণ্ডে অবদানের জন্য (তথ্য ও চিত্র প্রমাণাদি সহ) প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ৪) | আত্মকর্মী/ উদ্যোক্তা সৃষ্টিতে অবদানের জন্য প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ৩) | মোট প্রাপ্ত নম্বর (মোট নম্বর ৪০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

### পরিশিষ্ট-ঘ
### জাতীয় যুব পুরস্কার (যুব সংগঠক) নম্বর বণ্টন পদ্ধতি
মোট নম্বর-৫০
জাতীয় কমিটি- ১০
কেন্দ্রীয় মনোনয়ন কমিটি- ৪০

**জাতীয় পুরস্কার কমিটির সুপারিশ**

০১। যুব সংগঠন পরিচালনা:

(ক) সংগঠক হিসেবে যুব সংগঠন পরিচালনার ক্ষেত্রে ৫ বছর পূর্তির জন্য ২ নম্বর, পরবর্তী প্রতি বছরের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ০৫ নম্বর।
(খ) বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক ও ট্রান্স জেন্ডার এর ক্ষেত্রে যুব সংগঠন পরিচালনায় ০৩ বছর পূর্তির জন্য ২ নম্বর এবং পরবর্তী প্রতিবছরের জন্য ১ নম্বর সর্বোচ্চ ০৫ নম্বর।

০২। আত্মকর্মসংস্থানে অবদান:
(ক) আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ: প্রথম ১০০ জন প্রশিক্ষণার্থীর জন্য ২ নম্বর, পরবর্তী ৫০ জনের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৫ নম্বর।
(খ) আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সহযোগিতার লক্ষ্যে আর্থিক ও দ্রব্যসামগ্রী সহায়তা প্রদান: প্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মূল্যমানের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৩ নম্বর, সর্বোচ্চ (ক+খ)= ০৮ নম্বর।

০৩। উল্লেখযোগ্য সামাজিক কার্যক্রমে অবদান: (সর্বোচ্চ ২১ নম্বর)

(১) **(ক) জাতীয় যুব দিবসসহ অন্যান্য জাতীয় দিবস উদযাপন:** (প্রতি দুটি দিবস উদযাপনের জন্য-০১ নম্বর, সর্বোচ্চ- ০২ নম্বর)------------০২
(খ) **সামাজিক সচেতনতামূলক কার্যক্রম:** জঙ্গি ও সন্ত্রাসবাদ প্রতিরোধে সচেতনতা সৃষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ কর্মকাণ্ড, স্থানীয় সরকারের সাথে আইন শৃঙ্খলা উন্নয়ন কর্মকাণ্ড, ধূমপান ও মাদকবিরোধী অভিযান, এসিড নিক্ষেপ ও যৌতুকবিরোধী সচেতনতামূলক কার্যক্রম, বিভিন্ন সচেতনতামূলক বিষয়ে লিফলেট বিতরণ ও অন্যান্য সমাজবিরোধী কর্মকাণ্ড প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম (প্রতিটি কার্যক্রমের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৪ নম্বর) --------------------------------------০৪

(২) **স্বাস্থ্যসেবা:** মা ও শিশুস্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, অটিজম সংক্রান্ত কার্যক্রম, এসটিডি/এইডস, স্যানিটেশন কার্যক্রম, রক্তদান, বিভিন্ন মহামারি নিয়ন্ত্রণমূলক কার্যক্রমে অংশগ্রহণ, ইপিআই কার্যক্রমে সহায়তা ও অন্যান্য স্বাস্থ্য সেবামূলক কার্যক্রম (প্রতিটি কার্যক্রমের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৩ নম্বর) ---------------------০৩
(৩) **যুব নেতৃত্বের বিকাশ:** নেতৃত্ব বিকাশমূলক কার্যক্রম, জীবন দক্ষতা উন্নয়ন বিষয়ক কার্যক্রম, নিরক্ষরতা দূরীকরণ কার্যক্রম, যুব সংগঠন তৈরিতে সহায়তা ইত্যাদি (প্রতিটি কার্যক্রমের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ২ নম্বর)------ ০২
(৪) **ক্রীড়া ও সংস্কৃতি:** বিভিন্ন খেলাধুলার আয়োজন, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন, সমাজ উন্নয়নমূলক নাটিকা প্রচার, বিভিন্ন প্রতিষ্ঠান/সংগঠনকে বিনামূল্যে ক্রীড়া সামগ্রী প্রদান, সমাজ উন্নয়নমূলক বিভিন্ন বিষয়ে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন, কবিতা আবৃত্তি আয়োজন ইত্যাদি (প্রতিটি কার্যক্রমের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৩ নম্বর)---------- --------- ০৩
(৫) **পরিবেশ উন্নয়ন:** প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার, বৃক্ষরোপণ, গাছের চারা বিতরণ, রোপিত বৃক্ষের পরিচর্যা, বায়োগ্যাস প্লান্ট স্থাপন/ স্থাপনে সহায়তাকরণ, সৌরচুল্লি স্থাপন/ স্থাপনে সহায়তাকরণ, সংগঠনের উদ্যোগে রাস্তাঘাট মেরামত/মেরামতে সহায়তা, বিভিন্ন জলাশয়/পুকুর পরিস্কার/পরিচ্ছন্নতা, মশক নিধন ইত্যাদি (প্রতিটি কার্যক্রমের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৪ নম্বর)----------- --০৪
(৬) **সমাজকল্যাণমূলক:** প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় অংশগ্রহণ, দু:স্থদের মাঝে খাবার বিতরণ, শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ, বিভিন্ন উৎসবে অসহায়দের সহায়তা প্রদান ইত্যাদি (প্রতিটি কার্যক্রমের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৩ নম্বর) -------০৩

০৪। সামাজিক কর্মকাণ্ডে বিশেষ অবদানের জন্য সরকার কর্তৃক স্বীকৃত শ্রেষ্ঠ পুরস্কার প্রাপ্তি: সর্বোচ্চ- ০৬ নম্বর
(১) জেলা পর্যায়ের জন্য- ১ নম্বর
(২) বিভাগীয় পর্যায়ের জন্য- ২ নম্বর
(৩) জাতীয় পর্যায়ের জন্য- ৩ নম্বর

সর্বোচ্চ- ৬ নম্বর

### যুব সংগঠক মূল্যায়ন ছক

| যুব সংগঠন পরিচালনার অভিজ্ঞতার জন্য প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ০৫) | আত্মকর্মসংস্থানে অবদানের জন্য প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ০৮) | | উল্লেখযোগ্য সামাজিক কার্যক্রমে অবদানের জন্য প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ২১) | জেলা/বিভাগীয়/জাতীয় পর্যায়ে সরকার স্বীকৃত শ্রেষ্ঠ পুরস্কারের জন্য প্রাপ্ত নম্বর (সর্বোচ্চ নম্বর ০৬) | | | মোট প্রাপ্ত নম্বর (মোট নম্বর ৪০) |
|---|---|---|---|---|---|---|---|
| | প্রশিক্ষণ: প্রথম ১০০ জন প্রশিক্ষণার্থীর জন্য ২ নম্বর, পরবর্তী ৫০ জনের জন্য ১ নম্বর (সর্বোচ্চ ৫ নম্বর) | আর্থিক ও দ্রব্য সামগ্রী সহায়তা প্রদান প্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মূল্যমানের জন্য ১ নম্বর (সর্বোচ্চ ৩ নম্বর) | | জেলা পর্যায়ের জন্য ১ নম্বর | বিভাগীয় পর্যায়ের জন্য ২ নম্বর | জাতীয় পর্যায়ের জন্য ৩ নম্বর | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

ডা: মোঃ জহিরুল ইসলাম
উপসচিব